

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ডিসেম্বর ১৭, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

[মূল্য সংযোজন কর]

বিশেষ আদেশ

তারিখ : ১৫ অগ্রহায়ণ ১৪২৪ বঙ্গাব্দ/২৯ নভেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয় : “বিদ্যুৎ ও জ্বালানির দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) আইন, ২০১০” এর আওতায় এলএনজি আমদানির জন্য কক্সবাজার জেলার মহেশখালীতে SUMMIT LNG Terminal Co. (Pvt.) Ltd. কর্তৃক দৈনিক ৫০০ এমএমসিএফডি ক্ষমতাসম্পন্ন চলমান ভাসমান এলএনজি টার্মিনাল অর্থাৎ Floating Storage Regasification Unit (FSRU) স্থাপন প্রকল্পের অনুকূলে মূল্য সংযোজন কর অব্যাহতি প্রদান।

নং ১৯/মূসক/২০১৭—যেহেতু, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং SUMMIT LNG Terminal Co. (Pvt.) Ltd. এর মধ্যে স্বাক্ষরিত Implementation Agreement (IA) অনুযায়ী “বিদ্যুৎ জ্বালানির দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) আইন, ২০১০” এর আওতায় Build, Own, Operate and Transfer (BOOT) পদ্ধতিতে কক্সবাজারের মহেশখালীতে দৈনিক ৫০০ এমএমসিএফডি ক্ষমতাসম্পন্ন চলমান ভাসমান এলএনজি টার্মিনাল অর্থাৎ Floating Storage Regasification Unit (FSRU) স্থাপন প্রকল্পের জন্য মূল্য সংযোজন কর, অগ্রিম মূল্য সংযোজন কর (এটিভি) ও সম্পূরক শুল্ক (যদি থাকে) অব্যাহতি প্রদানের বাধ্যবাধকতা রহিয়াছে; এবং

যেহেতু, সরকার ডিসেম্বর, ২০১৭ খ্রিস্টাব্দ এর মধ্যে FSRU স্থাপন সংক্রান্ত সকল কার্যক্রম সমাপ্ত করে ২০১৮ এর শুরুতেই এলএনজি সরবরাহের লক্ষ্যমাত্রা নির্ধারণ করিয়াছে এবং সেই কারণে এই সংক্রান্ত আদেশ জরুরীভিত্তিতে জারি করা না হইলে অথবা বিলম্ব হইলে চলমান প্রকল্পটি যথাসময়ে বাস্তবায়নে জটিলতা সৃষ্টি হইবে মর্মে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় কর্তৃক আশঙ্কা প্রকাশ করা হইয়াছে;

(১৭৯০৩)

মূল্য : টাকা ৪.০০

সেহেতু, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১(১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড :

- (ক) SUMMIT LNG Terminal Co. (Pvt.) Ltd. কর্তৃক FSRU স্থাপন ও তাহা কার্যকর করিবার লক্ষ্যে সংগৃহীত সকল ধরনের পণ্য ও সেবার বিপরীতে (ব্যক্তিগত ভোগ বা ব্যবহারের উদ্দেশ্যে সংগৃহীত পণ্য/সেবা ব্যতীত) প্রযোজ্য ভ্যাট ও সম্পূরক শুল্ক (যদি থাকে);
- (খ) FSRU কর্তৃক প্রদত্ত সকল সেবার উপর প্রযোজ্য ভ্যাট ও সম্পূরক শুল্ক (যদি থাকে);
- (গ) FSRU কার্যকর করিবার লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ডের শুল্ক অনুবিভাগ কর্তৃক যেই সকল পণ্যের আমদানির ক্ষেত্রে রেয়াতী সুবিধা প্রদান করা হইয়াছে সেই সকল পণ্যের উপর প্রযোজ্য অগ্রিম মূসক (এটিভি) অব্যাহতি প্রদান করিল; এবং
- (ঘ) ইতোপূর্বে জারীকৃত জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নং ০৮/মূসক/২০১৭, তারিখ ০৬ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ এতদ্বারা রহিত করা হইল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ নজিবুর রহমান
চেয়ারম্যান।